গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পরিকল্পনা মন্ত্রণালয়
পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ
উন্নয়ন-৩ অধিশাখা
**www.sid.gov.bd**

## পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগের অধীন বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো কর্তৃক বাস্তবায়নাধীন উন্নয়ন প্রকল্পসমূহের মার্চ ২০২২ পর্যন্ত অগ্রগতি পর্যালোচনা সভার কার্যবিবরণী

| | | |
|---|---|---|
| সভাপতি | : | ড. শাহনাজ আরেফিন এনডিসি<br>সচিব, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ |
| তারিখ ও সময় | : | ২০ এপ্রিল ২০২২ খ্রি. (বুধবার), সময়: সকাল ১০.৩০ ঘটিকা |
| স্থান | : | পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগের সম্মেলনকক্ষ, ব্লক-২, লেবেল-১০ |
| উপস্থিতি | : | সংযোজনী-ক |

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সভাপতির অনুমতিক্রমে অতিরিক্ত সচিব (উন্নয়ন) জনাব রেজাউল আযম ফারুকী বিগত সভার কার্যবিবরণী পাঠ করে শোনান এবং সদস্যগণের কোনো প্রকার পরিবর্তন/পরিবর্ধন/সংশোধন না থাকায় তা সর্বসম্মতিক্রমে দৃঢ়ীকরণ (Confirmed) হয়। অতঃপর তিনি সভায় জানান, ২০২১-২০২২ অর্থবছরে আরএডিপিভুক্ত ১৩টি প্রকল্পের প্রাক্কলিত ব্যয় ২৮৯৭৬৬.৩৪ (দুই হাজার আটশত সাতানব্বই কোটি ছেষট্টি লক্ষ চৌত্রিশ হাজার) লক্ষ টাকা, আরএডিপিতে বরাদ্দ ১৩৮৮৯৮.০০ (এক হাজার তিনশত আটাশি কোটি আটানব্বই লক্ষ) লক্ষ টাকা এবং এ অর্থবছরের মার্চ ২০২২ পর্যন্ত ব্যয় ৫৪ কোটি ৭২ লক্ষ ১০ হাজার টাকা। আরএডিপি বরাদ্দের বিপরীতে মার্চ ২০২২ পর্যন্ত আর্থিক অগ্রগতি ৩.৯৪%। অন্যদিকে আরএডিপি বরাদ্দের বিপরীতে জাতীয় অগ্রগতি ৪৫.০০%।

২। এ পর্যায়ে অতিরিক্ত সচিব (উন্নয়ন)-এর নির্দেশনা অনুযায়ী, উন্নয়ন-৩ অধিশাখার উপসচিব বেগম ওয়াহিদা সুলতানা প্রকল্প ভিত্তিক আর্থিক অগ্রগতি তুলে ধরেন। অতঃপর সভায় প্রকল্পভিত্তিক নিম্নরূপ আলোচনা ও সিদ্ধান্তসমূহ গৃহীত হয়:

| ক্রঃ নং | প্রকল্পের নাম ও সংক্ষিপ্ত বিবরণ | আলোচনা | গৃহীত সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
| ১ | **জনশুমারি ও গৃহগণনা-২০২১ প্রকল্প**<br><br>মেয়াদ: জুলাই ২০১৯- জুন ২০২৪ পর্যন্ত।<br><br>প্রাক্কলিত ব্যয়: ১৫৭৫ কোটি ৬৮ লক্ষ ২ হাজার টাকা (জিওবি)।<br><br>প্রকল্প পরিচালক: জনাব মো. দিলদার হোসেন, উপসচিব, SID। | প্রকল্পে ২০২১-২০২২ অর্থবছরে আরএডিপিতে বরাদ্দ ১২৮৮ কোটি ৪৮ লক্ষ (সম্পূর্ণ জিওবি) টাকা। ছাড়কৃত অর্থের পরিমাণ ৯৬৫ কোটি ৭৭ লক্ষ ৯৫ হাজার টাকা। মার্চ ২০২২ পর্যন্ত ব্যয় ১৮ কোটি ৪৬ লক্ষ ৪১ হাজার টাকা। প্রকল্পের আর্থিক অগ্রগতি ১.৪৩%।<br><br>প্রকল্প পরিচালক সভায় জানান, ১৫-২১ জুন ২০২২ জনশুমারির তথ্য সংগ্রহ কার্যক্রম একযোগে সারাদেশ ব্যাপী মাঠ পর্যায়ে পরিচালিত হবে। জুন ২০২২ সময়ে আর্থিক অগ্রগতি ৯০% হবে বলে আশা করা যায়।<br>সংশোধিত ডিপিপি-তে মূলধন খাতে বরাদ্দ কমিয়ে রাজস্ব খাতে বরাদ্দ বৃদ্ধি করা হয়েছে। আগামী সপ্তাহের মধ্যে ডিপিপি অনুমোদনের জন্য পরিকল্পনা কমিশনের সংগে যোগাযোগ অব্যাহত রাখা হচ্ছে। | জনশুমারি ও গৃহগণনা ২০২২ এ ডিপিপি সংশোধনের দ্রুত অনুমোদনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | অতিরিক্ত সচিব (উন্নয়ন) SID, মহাপরিচালক বিবিএস, উপসচিব (উন্নয়ন-১ অধিশাখা) এবং প্রকল্প পরিচালক |

| ক্রঃ নং | প্রকল্পের নাম ও সংক্ষিপ্ত বিবরণ | আলোচনা | গৃহীত সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
| ২ | **National Strategy for Development of Statistics (NSDS) Implementation Support প্রকল্প।**<br><br>প্রকল্প মেয়াদ: মার্চ ২০১৮ হতে ফেব্রুয়ারি ২০২৩ পর্যন্ত।<br><br>প্রাক্কলিত ব্যয়: ১৩৪ কোটি ২ লক্ষ টাকা (জিওবি : ১৪ কোটি ২ লক্ষ টাকা, প্রকল্প সাহায্য: ১২০ কোটি টাকা)।<br><br>প্রকল্প পরিচালক: জনাব মো. দিলদার হোসেন, উপসচিব, SID। | প্রকল্পে ২০২১-২০২২ অর্থবছরে আরএডিপিতে বরাদ্দ ২৪ কোটি ৫০ লক্ষ (জিওবি ৩ কোটি ৫০ লক্ষ টাকা, প্রকল্প সাহায্য ২১ কোটি টাকা) টাকা। জিওবি খাতে ছাড়কৃত অর্থের পরিমাণ ৩ কোটি ৩৭ লক্ষ ৫০ হাজার টাকা। মার্চ ২০২২ পর্যন্ত ব্যয় মোট ৪ কোটি ৯২ লক্ষ ৮৩ হাজার টাকা (জিওবি: ১ কোটি ২৫ লক্ষ ৭০ হাজার টাকা, প্রকল্প সাহায্য: ৩ কোটি ৬৭ লক্ষ ১৩ হাজার টাকা)। প্রকল্পের আর্থিক অগ্রগতি ২০.১২%।<br><br>প্রকল্প পরিচালক সভায় জানান, User Satisfaction Survey (USS) 2022 এর তথ্যসংগ্রহ কার্যক্রম ২৭ মার্চ হতে ০৫ এপ্রিল ২০২২ পর্যন্ত পরিচালিত হয়েছে। টেব্যুলেশন প্ল্যান করা হচ্ছে।<br>ইতোমধ্যে পরামর্শক ফার্মের প্রায় ৬২০ লক্ষ টাকার একটি বিল পরিশোধ করা হয়েছে। প্রকল্পের আওতায় SID আধুনিকায়নের লক্ষ্যে সংশ্লিষ্ট প্রতিষ্ঠানকে ওয়ার্ক অর্ডার দেয়া হয়েছে। এছাড়া প্রকল্পের আওতায় ক্রয়কৃত প্রিন্টার ও ফটোকপিয়ারের বিল পরিশোধ করা হলে আর্থিক অগ্রগতি বহুলাংশে বৃদ্ধি পাবে। | ঈদের ছুটিতে SID আধুনিকায়নের কাজ সম্পন্ন করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | অতিরিক্ত সচিব (উন্নয়ন), SID, মহাপরিচালক, বিবিএস, উপসচিব (উন্নয়ন-২ অধিশাখা) SID<br><br>এবং<br>প্রকল্প পরিচালক |
| ৩ | ন্যাশনাল হাউজহোল্ড ডাটাবেইজ প্রকল্প।<br><br>প্রকল্পের মেয়াদ: জুলাই ২০১৩ - ডিসেম্বর ২০২২ পর্যন্ত।<br><br>প্রাক্কলিত ব্যয়: ৭২৭ কোটি ৩৫ লক্ষ টাকা (জিওবি: ৪০ কোটি ৫৪ লক্ষ ৫২ হাজার টাকা, প্রকল্প সাহায্য: ৬৮৬ কোটি ৮০ লক্ষ ৪৮ হাজার টাকা)।<br><br>প্রকল্প পরিচালক : জনাব কাজী তোফায়েল হোসেন (উপসচিব)। | প্রকল্পে ২০২১-২০২২ অর্থবছরে আরএডিপিতে বরাদ্দ ২৩ কোটি ৯৮ লক্ষ (জিওবি: ১ কোটি ৯৭ লক্ষ টাকা, প্র.সা. ২২ কোটি ১ লক্ষ টাকা) টাকা। ছাড়কৃত অর্থের পরিমাণ ৭৯ লক্ষ ৭৪ হাজার টাকা (জিওবি)। মার্চ ২০২২ পর্যন্ত ব্যয় ১৫ কোটি ৮৫ লক্ষ ১১ হাজার টাকা (জিওবি: ১৯ লক্ষ ৯০ হাজার টাকা, প্রকল্প সাহায্য: ১৫ কোটি ৬৫ লক্ষ ২১ হাজার টাকা)। প্রকল্পের আর্থিক অগ্রগতি ৬৬.১০%।<br><br>প্রকল্প পরিচালক সভায় জানান, NHD MIS Development তৈরির নিমিত্ত বিদ্যমান ডাটাবেজ ভুলভাবে ব্যাকআপ করা হয়েছিল বিধায় তা সংশোধনসহ তথ্যের উদ্ভূত ত্রুটি-বিচ্যুতি সমাধানকল্পে Xerox India Ltd. | NHD MIS Development কাজে নিয়োজিতদের মধ্য হতে ৯০ জনকে অবশ্যই প্রতিদিন উপস্থিত থাকতে হবে। | অতিরিক্ত সচিব (উন্নয়ন) SID, মহাপরিচালক বিবিএস, উপসচিব (উন্নয়ন-২ অধিশাখা), SID<br>ও<br>প্রকল্প পরিচালক |

| ক্রঃ নং | প্রকল্পের নাম ও সংক্ষিপ্ত বিবরণ | আলোচনা | গৃহীত সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
| | | ১৬/০৪/২০২২ তারিখ থেকে বিবিএস এ কাজ শুরু করেছে যা সেপ্টেম্বর ২০২২ এর মধ্যে শেষ হবে। এ কাজে প্রতিদিন ন্যূনতম ৯০ জন নিয়োজিত থাকবে। পরবর্তীতে DDM কর্তৃক নিয়োজিত Synergy International এর কাজ সম্পন্ন হলে NHD MIS Development কম্পোনেন্টটি নিষ্পন্ন করা সম্ভব হবে। | | |
| ৪ | **হাউজহোল্ড ইনকাম অ্যান্ড এক্সপেন্ডিচার সার্ভে (HIES ২০২০-২১)প্রকল্প**<br><br>প্রকল্প মেয়াদ: জানুয়ারি ২০২০ হতে ডিসেম্বর ২০২২ পর্যন্ত।<br><br>প্রাক্কলিত ব্যয়: ১২ কোটি ৩২ লক্ষ ৭ হাজার টাকা (জিওবি)।<br><br>প্রকল্প পরিচালক: ড. দিপংকর রায়, উপসচিব, SID। | প্রকল্পে ২০২১-২০২২ অর্থবছরে আরএডিপিতে বরাদ্দ ৫ কোটি ৫৫ লক্ষ (সম্পূর্ণ জিওবি) টাকা। ছাড়কৃত অর্থের পরিমাণ ৪ কোটি ৬৮ লক্ষ টাকা (জিওবি)। মার্চ ২০২২ পর্যন্ত ব্যয় ১ কোটি ৮৬ লক্ষ ৯৪ হাজার টাকা। প্রকল্পের আর্থিক অগ্রগতি ৩৩.৬৮%।<br><br>সভায় জানানো হয়,<br>নির্ধারিত সময় অনুযায়ী তথ্য সংগ্রহ কার্যক্রম পরিচালিত হচ্ছে। ইতোমধ্যে ৪ (চার)টি টার্মের কাজ সম্পন্ন হয়েছে। ২৫ মার্চ ২০২২ থেকে ১২ এপ্রিল ২০২২ পর্যন্ত ৫ম টার্মের কাজ শেষ হয়েছে। বর্তমানে ৬ষ্ঠ টার্মের কাজ চলমান। ধারাবাহিকভাবে মোট ১৮টি টার্মের কাজ করা হবে।<br>প্রকল্প অনুমোদনের ১ বছর পর মাঠ পর্যায়ে তথ্য সংগ্রহ কার্যক্রম শুরু হওয়ায় নির্ধারিত সময়ের মধ্যে প্রকল্পের সকল কার্যক্রম সম্পন্ন করা সম্ভব হবে না বিধায় প্রকল্পের মেয়াদ ১ বছর বৃদ্ধি করে টিএপিপি সংশোধন করা প্রয়োজন। | প্রকল্পের মেয়াদ বৃদ্ধি সহ টিএপিপি সংশোধনের কাজ দ্রুত শুরু করতে হবে। | অতিরিক্ত সচিব (উন্নয়ন) SID, মহাপরিচালক বিবিএস, উপসচিব (উন্নয়ন-১ অধিশাখা) SID ও প্রকল্প পরিচালক |

| ক্রঃ নং | প্রকল্পের নাম ও সংক্ষিপ্ত বিবরণ | আলোচনা | গৃহীত সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
| ৫ | **কৃষি (শস্য, মৎস্য ও প্রাণি সম্পদ) শুমারি-২০১৮ প্রকল্প।**<br><br>প্রকল্পের মেয়াদ: মে ২০১৭ হতে ডিসেম্বর ২০২২ পর্যন্ত।<br>প্রাক্কলিত ব্যয়: ৩৬১ কোটি ৬৯ লক্ষ ৬ হাজার টাকা (জিওবি)।<br>প্রকল্প পরিচালক: জনাব আলাউদ্দিন আল আজাদ, পরিচালক, বিবিএস। | প্রকল্পে ২০২১-২০২২ অর্থবছরে আরএডিপিতে বরাদ্দ ২৮ কোটি ৯০ লক্ষ (সম্পূর্ণ জিওবি) টাকা। ছাড়কৃত অর্থের পরিমাণ ২১ কোটি ৪ লক্ষ টাকা। মার্চ ২০২২ পর্যন্ত ব্যয় ৬ কোটি ৯০ লক্ষ ৪৯ হাজার টাকা। প্রকল্পের আর্থিক অগ্রগতি ২৩.৮৯%।<br><br>প্রকল্প পরিচালক সভায় জানান, কৃষি (শস্য, মৎস্য ও প্রাণি সম্পদ) শুমারি-২০১৮ প্রকল্পের ৫৮টি জেলার ডেটা এনালাইসিস এর প্রাথমিক কাজ সম্পন্ন হয়েছে। অবশিষ্ট ৬টি জেলার ডাটা যাচাই-বাছাই করে সংশোধনের জন্য নিয়োজিত ফার্মকে ফেরত প্রদান করা হয়েছে। কৃষি নমুনা শুমারি-২০২০ এর ওয়েট ফেক্টর নির্ণয় বিষয়ে প্রকল্পের নমুনায়ন কমিটির সভা অনুষ্ঠিত হয়েছে। সভায় বিশেষজ্ঞগণের সিদ্ধান্ত/নির্দেশনা মোতাবেক কাজ চলমান। অক্টোবর/২০২২ এর মধ্যে রিপোর্ট প্রস্তুত করার পরিকল্পনা আছে। | কৃষি নমুনা শুমারি প্রাথমিক রিপোর্ট নির্ধারিত সময়ের মধ্যে প্রকাশ করতে হবে। | অতিরিক্ত সচিব (উন্নয়ন) SID, মহাপরিচালক বিবিএস, উপসচিব (উন্নয়ন-১ অধিশাখা) SID এবং প্রকল্প পরিচালক |
| ৬ | **Improvement of GDP Compilation and Rebasing of Indices Project।**<br><br>প্রকল্পের মেয়াদ: মার্চ ২০১৮ হতে জুন ২০২২ পর্যন্ত।<br>প্রাক্কলিত ব্যয়: ৯ কোটি ৮৬ লক্ষ ৪৮ হাজার টাকা (জিওবি)।<br>প্রকল্প পরিচালক : জনাব মোহাম্মদ আবদুল কাদির মিয়া, পরিচালক, বিবিএস। | প্রকল্পে ২০২১-২০২২ অর্থবছরে আরএডিপিতে বরাদ্দ ১ কোটি ৭৩ লক্ষ (সম্পূর্ণ জিওবি) টাকা। ছাড়কৃত অর্থের পরিমাণ ১ কোটি ৫০ লক্ষ ৪৫ হাজার টাকা। মার্চ ২০২২ পর্যন্ত ব্যয় ৫০ লক্ষ ১০ হাজার টাকা। প্রকল্পের আর্থিক অগ্রগতি ২৮.৯৬%।<br><br>প্রকল্প পরিচালক সভায় জানান, মেয়াদ বৃদ্ধির কাজ চলমান। মেয়াদ বৃদ্ধির পরে আন্তঃঅঙ্গ ব্যয় সমন্বয়ের জন্য ডিপিপি দ্রুত পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগে প্রেরণ করা হবে। | মেয়াদ বৃদ্ধির জন্য আইএমইডি তে যোগাযোগ অব্যাহত রাখতে হবে। পরবর্তীতে আন্তঃঅঙ্গ ব্যয় সমন্বয়ের জন্য ডিপিপি দ্রুত পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগে প্রেরণ করতে হবে। | অতিরিক্ত সচিব (উন্নয়ন) SID, মহাপরিচালক বিবিএস, উপসচিব (উন্নয়ন-১ অধিশাখা) SID ও প্রকল্প পরিচালক |
| ৭ | **পরিবেশ, জলবায়ু পরিবর্তন ও দুর্যোগ পরিসংখ্যান শক্তিশালীকরণ (ইসিডিএস) প্রকল্প**<br><br>মেয়াদ: জুলাই ২০১৯ – জুন ২০২৩ পর্যন্ত।<br>প্রাক্কলিত ব্যয়: ৩৬ কোটি ৬ লক্ষ ৭৪ হাজার টাকা (জিওবি)। | প্রকল্পে ২০২১-২০২২ অর্থবছরে আরএডিপিতে বরাদ্দ ৬ কোটি ৩৪ লক্ষ (সম্পূর্ণ জিওবি) টাকা। ছাড়কৃত অর্থের পরিমাণ ৪ কোটি ৫৫ লক্ষ ৪৮ হাজার টাকা। মার্চ ২০২২ পর্যন্ত ব্যয় ৩ কোটি ৪৬ লক্ষ ৫২ হাজার টাকা। প্রকল্পের আর্থিক অগ্রগতি ৫৪.৬৬%। | | অতিরিক্ত সচিব (উন্নয়ন), SID, মহাপরিচালক বিবিএস, উপসচিব (উন্নয়ন-১ অধিশাখা) SID এবং প্রকল্প পরিচালক |

| ক্রঃ নং | প্রকল্পের নাম ও সংক্ষিপ্ত বিবরণ | আলোচনা | গৃহীত সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
| | প্রকল্প পরিচালক: জনাব মোঃ রফিকুল ইসলাম, যুগ্মপরিচালক, বিবিএস। | প্রকল্প পরিচালক সভায় জানান, প্রকল্পের আওতায় ৬টি রিপোর্টের মধ্যে ২টি রিপোর্ট প্রকাশ করা হয়েছে। অর্থ বিভাগের সার্কুলার অনুযায়ী ভ্রমণখাতের ৫০% অর্থ অব্যয়িত রাখার ফলে প্রকল্পের আর্থিক অগ্রগতি আশানুরূপভাবে বৃদ্ধি পাচ্ছে না। | মাঠ পর্যায় হতে তথ্য সংগ্রহের কাজ করার জন্য ভ্রমণ বিল দেয়া হয় এ বিষয়টি অর্থ বিভাগের নজরে আনার জন্য সংশ্লিষ্ট শাখা থেকে অর্থসচিব বরাবর উপানুষ্ঠানিক পত্র প্রেরণ করতে হবে। | |
| ৮ | **জাতীয় প্রতিবন্ধী ব্যক্তি জরিপ ২০১৯ প্রকল্প।**<br><br>মেয়াদ: জুলাই ২০১৯ হতে ডিসেম্বর ২০২২ পর্যন্ত।<br><br>প্রাক্কলিত ব্যয়: ৪ কোটি ৬৪ লক্ষ ৪৩ হাজার টাকা (জিওবি)।<br>প্রকল্প পরিচালক:<br>জনাব ইফতেখাইরুল করিম, উপপরিচালক, বিবিএস। | প্রকল্পে ২০২১-২০২২ অর্থবছরে আরএডিপিতে বরাদ্দ ২ কোটি ৮৫ লক্ষ (সম্পূর্ণ জিওবি) টাকা। ছাড়কৃত অর্থের পরিমাণ ৫১ লক্ষ ৪৮ হাজার টাকা। মার্চ ২০২২ পর্যন্ত ব্যয় ৪৯ লক্ষ ৬৬ হাজার টাকা। প্রকল্পের আর্থিক অগ্রগতি ১৭.৪২%।<br><br>প্রকল্প পরিচালক সভায় জানান, ডাটা এনালাইসিস সম্পন্নসহ প্রাথমিক রিপোর্ট ২৫ মে ২০২২ এর মধ্যে প্রকাশ করা সম্ভব হবে। এছাড়াও মূল রিপোর্ট তৈরির জন্য ডাটা এনালাইসিসের কাজ চলমান। | কর্মপরিকল্পনা অনুযায়ী নির্ধারিত সময়ের মধ্যে প্রাথমিক রিপোর্ট প্রকাশ করতে হবে। | অতিরিক্ত সচিব (উন্নয়ন) SID, মহাপরিচালক বিবিএস, উপসচিব (উন্নয়ন-১ অধিশাখা), SID এবং প্রকল্প পরিচালক |
| ৯ | **শ্রমশক্তি জরিপের মাধ্যমে শ্রমবাজার তথ্যের উন্নয়ন প্রকল্প**<br><br>প্রকল্প মেয়াদ: জুলাই ২০২০ হতে জুন ২০২৪ পর্যন্ত<br>প্রাক্কলিত ব্যয়: ১৪ কোটি ৩৬ হাজার টাকা (জিওবি)।<br><br>প্রকল্প পরিচালক:<br>বেগম আজিজা রহমান, উপপরিচালক, বিবিএস। | প্রকল্পে ২০২১-২০২২ অর্থবছরে আরএডিপিতে বরাদ্দ ৩ কোটি ৩৬ লক্ষ (সম্পূর্ণ জিওবি) টাকা। ছাড়কৃত অর্থের পরিমাণ ২ কোটি ৯৪ লক্ষ ৯৬ হাজার টাকা। মার্চ ২০২২ পর্যন্ত ব্যয় ১ কোটি ৩৫ লক্ষ ৫ হাজার টাকা। প্রকল্পের আর্থিক অগ্রগতি ৪০.১৯%।<br><br>প্রকল্প পরিচালক সভায় জানান, 'ত্রৈমাসিক শ্রমশক্তি জরিপ ২০২২' এর ২য় কোয়ার্টারের তথ্য সংগ্রহ কার্যক্রম ০১ এপ্রিল হতে ৩০ জুন, ২০২২ তারিখ পর্যন্ত মাঠপর্যায়ে নির্ধারিত ১২৮৪ টি PSU-তে চলমান। ডিপিপি অনুযায়ী সুপারভাইজারদের তদারকির জন্য প্রকল্প থেকে ভ্রমণ বিল নেই, রাজস্ব খাত হতে নিতে হবে। কিন্তু FA&MIS এর রাজস্ব খাতেও পর্যাপ্ত বরাদ্দ নেই। এদিকে মাঠ পর্যায় হতে প্রাপ্ত তথ্য কোডিং করার কাজে নিয়োজিত ব্যক্তিদের ভাতা প্রদানেরও কোন সুযোগ নেই। | FA&MIS এর রাজস্ব খাতেও পর্যাপ্ত বরাদ্দ না থাকার বিষয়টি বাজেট সভার পূর্বেই প্রকল্প পরিচালকের জানানো উচিত ছিল। ভ্রমণ বিলের অন্যকোন উপায় আছে কি-না তা খুঁজে বের করতে হবে। ডিপিপির আন্ত:খাত সংশোধনের মাধ্যমে প্রয়োজনীয় ভাতা সংস্থানের ব্যবস্থা গ্রহণ করতে হবে। | অতিরিক্ত সচিব (উন্নয়ন) SID, মহাপরিচালক বিবিএস, উপসচিব (উন্নয়ন-১ অধিশাখা) SID এবং প্রকল্প পরিচালক |

| | | | | |
|---|---|---|---|---|
| ১০ | **টেকসই উন্নয়ন অভীষ্ট পরিবীক্ষণে প্রায়োগিক স্বাক্ষরতা নিরূপণ জরিপ প্রকল্প**<br>প্রকল্প মেয়াদ: জানুয়ারি ২০২১ হতে জুন ২০২২ পর্যন্ত<br>প্রাক্কলিত ব্যয়: ৪ কোটি ৬০ লক্ষ টাকা (জিওবি)।<br>প্রকল্প পরিচালক:<br>জনাব মো. গোলাম মোস্তফা, যুগ্মপরিচালক, বিবিএস। | প্রকল্পে ২০২১-২০২২ অর্থবছরে আরএডিপিতে বরাদ্দ ৮৭ লক্ষ (সম্পূর্ণ জিওবি) টাকা। কোনো অর্থ ছাড় বা ব্যয় হয়নি।<br><br>সভায় জানানো হয়,<br>কর্মপরিকল্পনা অনুযায়ী জরিপের প্রশ্নপত্র চূড়ান্ত করার নিমিত্ত একটি Inception Workshop শীঘ্রই আয়োজন করা হবে। এছাড়া, প্রকল্পের আওতায় বিদ্যমান বিভিন্ন কমিটি গঠন করা হয়েছে, Sampling Design এর কাজ চলমান। আরএডিপিতে বরাদ্দকৃত অর্থছাড়ের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য ১৯/০৪/২০২২ তারিখ পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগে পত্র প্রেরণ করা হয়েছে। | কর্মপরিকল্পনা অনুযায়ী Inception Workshop দ্রুত সম্পন্ন করতে হবে। বরাদ্দকৃত অর্থছাড়ের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | অতিরিক্ত সচিব (উন্নয়ন) SID,<br>মহাপরিচালক বিবিএস,<br>উপসচিব (উন্নয়ন-১ অধিশাখা) SID<br>এবং<br>প্রকল্প পরিচালক |
| ১১ | **Measuring ICT Access and Use by Households and Individuals প্রকল্প**<br><br>প্রকল্প মেয়াদ: জুলাই ২০২১ থেকে জুন ২০২৩ পর্যন্ত<br>প্রাক্কলিত ব্যয়: ৪ কোটি ৯৯ লক্ষ ২০ হাজার টাকা (জিওবি)<br>প্রকল্প পরিচালক:<br>বেগম সৈয়দা মারুফা শাকি, উপপরিচালক, বিবিএস। | প্রকল্পে ২০২১-২০২২ অর্থবছরে আরএডিপিতে বরাদ্দ ১ কোটি ৪৬ লক্ষ (সম্পূর্ণ জিওবি) টাকা। কোনো অর্থ ছাড় বা ব্যয় হয়নি।<br><br>প্রকল্প পরিচালক সভায় জানান,<br>কর্মপরিকল্পনা অনুযায়ী জরিপের প্রশ্নপত্র চূড়ান্ত করার নিমিত্ত একটি Inception Workshop ১৮-৪-২০২২ তারিখে অনুষ্ঠিত হয়েছে। আরএডিপিতে বরাদ্দকৃত অর্থ আইবাসে এন্ট্রি দিতে হবে। | আরএডিপিতে বরাদ্দকৃত অর্থ আইবাসে এন্ট্রির কাজ দ্রুত সম্পন্ন করতে হবে। | অতিরিক্ত সচিব (উন্নয়ন) SID,<br>মহাপরিচালক বিবিএস,<br>উপসচিব (উন্নয়ন-১ অধিশাখা) SID<br>এবং<br>প্রকল্প পরিচালক |
| ১২ | **খাদ্য নিরাপত্তা পরিসংখ্যান প্রকল্প-২০২২**<br>প্রকল্প মেয়াদ: জানুয়ারি ২২-ডিসেম্বর ২০২৩<br>প্রস্তাবিত ব্যয়: ৫ কোটি ১০ লক্ষ ৩২ হাজার টাকা।<br>প্রকল্প পরিচালক:<br>জনাব আব্দুল হালিম, যুগ্মপরিচালক, বিবিএস, ঢাকা। | প্রকল্পে ২০২১-২০২২ অর্থবছরে আরএডিপিতে কোন বরাদ্দ নেই।<br><br>প্রকল্প পরিচালক সভায় জানান,<br>ইতোমধ্যে গত ২৪/০৩/২০২২ তারিখে এ প্রকল্পের প্রকল্প পরিচালক নিয়োগ করা হয়েছে এবং বিশেষ থোক বরাদ্দের জন্য গত ১৩/০৪/২০২২ তারিখে পরিকল্পনা কমিশনে পত্র প্রেরণ করা হয়েছে। | বিশেষ থোক বরাদ্দের জন্য প্রকল্প পরিচালক পরিকল্পনা কমিশনের সংশ্লিষ্ট বিভাগে যোগাযোগ অব্যাহত রাখবেন। | অতিরিক্ত সচিব (উন্নয়ন/প্রশাসন), SID,<br>মহাপরিচালক, বিবিএস,<br>উপসচিব (প্রশাসন-১/উন্নয়ন-১ অধিশাখা) SID<br>এবং<br>প্রকল্প পরিচালক |

৪। ২০২১-২০২২ অর্থ বছরে এডিপি-তে অন্তর্ভুক্ত ও এডিপি বহির্ভূত বরাদ্দবিহীন অননুমোদিত নতুন প্রকল্পসমূহঃ

| ক্রঃ নঃ | প্রকল্পের নাম | আলোচনা | গৃহীত সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|---|---|
| ১ | **স্যাম্পল ভাইটাল রেজিস্ট্রেশন সিস্টেম ইন ডিজিটাল প্লাটফর্ম প্রকল্প**<br>প্রস্তাবিত মেয়াদ: জুলাই ২০২১-জুন ২০২৩ পর্যন্ত<br>প্রস্তাবিত ব্যয়: ৪১ কোটি ৯৭ লক্ষ ৩৬ হাজার টাকা<br>ফোকাল পয়েন্ট কর্মকর্তা: জনাব মোঃ আলমগীর হোসেন, উপপরিচালক, বিবিএস | ২৩/০৩/২০২২ খ্রি: তারিখে পরিকল্পনা কমিশনে প্রকল্পটির বিষয়ে পিইসি সভা অনুষ্ঠিত হয়েছে। উক্ত সভার কার্যবিবরণী ০৬-০৪-২০২২ তারিখে এ বিভাগে পাওয়া যায়। সভায় গৃহীত সিদ্ধান্ত অনুসারে ডিপিপি পুর্নগঠন করে জরুরি ভিত্তিতে এ বিভাগে প্রেরণের জন্য গত ১০/০৪/২০২২ খ্রি: তারিখে মহাপরিচালক, বিবিএস বরাবর পত্র প্রেরণ করা হয়েছে। পুর্নগঠিত ডিপিপি এ বিভাগে পাওয়া গেলে চূড়ান্ত অনুমোদনের জন্য পরিকল্পনা কমিশনে প্রেরণ করা হবে। | প্রকল্পটি অনুমোদনের বিষয়ে ফোকাল পয়েন্ট কর্মকর্তা সংশ্লিষ্ট দপ্তরে নিয়মিত যোগাযোগ রাখবেন। | মহাপরিচালক, বিবিএস, উপসচিব (পরিকল্পনা অধিশাখা) SID, ফোকাল পয়েন্ট কর্মকর্তা, বিবিএস |
| ২ | **অর্থনৈতিক শুমারি প্রকল্প** ২০২৩<br>প্রস্তাবিত মেয়াদ: জুলাই ২০২২-জুন ২০২৭ পর্যন্ত<br>প্রস্তাবিত ব্যয়: ৭৮৭ কোটি ১৫ লক্ষ ৮ হাজার টাকা<br>ফোকাল পয়েন্ট কর্মকর্তা: জনাব আমজাদ হোসেন, যুগ্মপরিচালক, বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো। | ২৮/০২/২০২২ তারিখ বিবিএস কর্তৃক প্রেরিত ডিপিপি পরিকল্পনা কমিশনে প্রেরণ করা হয়েছে। প্রস্তাবিত প্রকল্পটির ডিপিপি-তে অন্তর্ভুক্ত জনবলের বিষয়ে অর্থ বিভাগের মতামত গ্রহণের জন্য অর্থ মন্ত্রণালয় বরাবর ২৪/০৩/২০২২ তারিখে পত্র প্রেরণ করা হয়েছে।<br>প্রকল্পটি ২৫ (পঁচিশ) কোটি টাকার উর্দ্ধে বিনিয়োগ প্রকল্প হওয়ায় তা গ্রহণের ক্ষেত্রে Feasibility Study-এর প্রয়োজনীয়তার বিষয় জানিয়ে ২৯/০৩/২২ খ্রি: তারিখে পরিকল্পনা কমিশন থেকে পত্র প্রেরণ করা হয়, পত্রটির ছায়ালিপি মহাপরিচালক, বিবিএস বরাবর ০৪/০৪/২০২২ তারিখে প্রেরণ করা হয়েছে। | প্রকল্পটি অনুমোদনের বিষয়ে ফোকাল পয়েন্ট কর্মকর্তা সংশ্লিষ্ট দপ্তরে নিয়মিত যোগাযোগ রাখবেন এবং জনাব নূরজাহান, উপসচিব, উন্নয়ন-১ অধিশাখা এবং জনাব মুহাম্মদ আতাউর রহমান ছিদ্দিকী, উপসচিব, পরিকল্পনা অধিশাখা বর্ণিত প্রকল্পের Feasibility Study এর প্রয়োজনীয়তা নেই মর্মে যুক্তি দিয়ে Position Paper তৈরী করবেন। এছাড়া অন্যান্য প্রকল্পের বিভিন্ন সমস্যা অসংগতি, অনুমোদনের বিভিন্ন জটিলতা ভ্রমন খাতের বরাদ্দের জটিলতা, ইত্যাদি বিষয়ে মন্ত্রী মহোদয়ের জন্য Position Paper তৈরী করে সচিব বরাবর দাখিল করবেন। | মহাপরিচালক, বিবিএস উপসচিব (পরিকল্পনা অধিশাখা), SID ফোকাল পয়েন্ট কর্মকর্তা, বিবিএস। |

৫.০। বিবিধ:

| ক্রঃনঃ | বিষয় | আলোচনা | গৃহীত সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|---|---|
| ১. | উপজেলা কর্মকর্তাদের প্রকল্পের কাজে সম্পৃক্তকরণ সংক্রান্ত | বিভিন্ন প্রকল্পের স্যাম্পল এরিয়ার উপজেলা কর্মকর্তাদের ঐ প্রকল্পে অন্তর্ভূক্ত করা হলে তাদের প্রকল্প সম্পর্কে স্বচ্ছ ধারণা থাকবে। | বিভিন্ন প্রকল্পের স্যাম্পল এরিয়ার উপজেলা কর্মকর্তাদের ঐ প্রকল্পে অন্তর্ভূক্ত করতে হবে। | অতিরিক্ত সচিব (উন্নয়ন), SID, মহাপরিচালক, বিবিএস, উপসচিব (উন্নয়ন-১ অধিশাখা), SID এবং সংশ্লিষ্ট প্রকল্প পরিচালক |
| ২ | গণনাকারীদের তালিকা প্রস্তুত সংক্রান্ত। | বর্ণিত বিষয়ে ডাটাবেজ তৈরির লক্ষ্যে প্রাথমিকভাবে কম্পিউটার উইংয়ের সংশ্লিষ্ট কর্মকর্তাদের সাথে আলোচনা হয়েছে। বিবিএস এর ইনুমারেটরদের প্রায় ৯৯% ই জনশুমারির সাথে সংশ্লিষ্ট। ফলে চলতি জনশুমারির ইনুমারেটর তালিকাটি চূড়ান্ত হলে সেটির সাথে অন্যান্য জরিপের তালিকা সংযুক্ত করে 'গননাকারীদের তালিকা' প্রণয়ন করা হবে। | সেন্সাস উইংয়ের পরিচালক জনাব মোহাম্মদ আবদুল কাদির মিয়া বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো কর্তৃক বাস্তবায়নাধীন জরিপ প্রকল্পসমূহের আওতায় গত ৩ বছরে নিয়োজিত গণনাকারীদের এবং বিবিএস এর নিজস্ব গণনাকারীদের তালিকা প্রস্তুতের বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন। | মহাপরিচালক, বিবিএস ও পরিচালক, সেন্সাস উইং, বিবিএস এবং প্রকল্প পরিচালক, এনএসডিএস |
| ৩. | ২০২২-২৩ অর্থবছরের এডিপি প্রস্তাব: | ক) পরিকল্পনা কমিশনের মৌখিক নির্দেশনামতে NHD প্রকল্পের জিওবি এবং প্রকল্প সাহায্য বাবদ বরাদ্দ যথাক্রমে জনশুমারি প্রকল্পে এবং NSDS প্রকল্পে সংযোজন করে এ বিভাগের ১২টি প্রকল্পের জন্য মোট ১৩১৩৮.৮০ লক্ষ টাকার এডিপি সিলিং প্রস্তাব করা হয়েছে। পরিকল্পনা কমিশন থেকে সিলিং পাওয়ার পর AMS এর ২য় এন্ট্রি/ ফাইনাল এন্ট্রিতে তা সমন্বয় করা হবে। AMS সিস্টেমে NHD প্রকল্পটি এন্ট্রি প্রদানের বিষয়ে এ বিভাগ থেকে অফিশিয়ালি দুইবার পত্র দেয়া হয়েছে, টেলিফোনে মৌখিক যোগাযোগ করা হয়েছে এবং প্রকল্প পরিচালককে পরিকল্পনা কমিশনের সংশ্লিষ্ট সেক্টর ও কার্যক্রম বিভাগে গমন ও যোগাযোগ অব্যাহত রাখার জন্য পত্র দেয়া হয়েছে।<br><br>খ) পরিকল্পনা কমিশন কর্তৃক নির্ধারিত সময়সূচি অনুযায়ী গত ২৪/০৩/২০২২ তারিখে বিবিএস এর অনুমোদিত (NHD প্রকল্প বাদে) ও অননুমোদিত প্রকল্পসমূহের আগামী ২০২২-২৩ অর্থবছরের এডিপি বরাদ্দ প্রস্তাব পরিকল্পনা কমিশনে প্রেরণ করা হয়েছে। পাশাপাশি এন্ট্রি ও প্রেরণের স্ক্রিনশটসমূহও হার্ডকপিতে পরিকল্পনা কমিশনে প্রেরণ করা হয়েছে। | ক) প্রকল্প পরিচালক, NHD পরিকল্পনা কমিশনের সংশ্লিষ্ট সেক্টর ও কার্যক্রম বিভাগের সাথে নিয়মিত যোগাযোগ অব্যাহত রেখে NHD প্রকল্পটির আগামী ২০২২-২৩ অর্থবছরের এডিপি বরাদ্দ প্রস্তাব AMS System-এ এন্ট্রি ও প্রেরণের ব্যবস্থা নিবেন।<br><br>খ) AMS System-এ ২০২২-২৩ অর্থবছরের এডিপি বরাদ্দ প্রস্তাব অনুমোদনের বিষয়ে পরিকল্পনা কমিশনে যোগাযোগ রাখতে হবে। | অতিরিক্ত সচিব (উন্নয়ন), SID, মহাপরিচালক, বিবিএস, উপসচিব (উন্নয়ন-১ অধিশাখা), SID এবং সংশ্লিষ্ট প্রকল্প পরিচালক |

| | | | | |
|---|---|---|---|---|
| ৪. | বিভিন্ন প্রকল্পের রিপোর্ট রাইটিং খাতে বরাদ্দ রেখে প্রশিক্ষণ আয়োজন সংক্রান্ত: | রিপোর্ট রাইটিং খাতে বরাদ্দ রেখে প্রশিক্ষণ আয়োজন করা গেলে মানসম্পন্ন রিপোর্ট প্রণয়ন করা সম্ভব হবে। | প্রকল্প প্রণয়নের সময় রিপোর্ট রাইটিং খাতে বরাদ্দের সংস্থান রাখতে হবে। | অতিরিক্ত সচিব (উন্নয়ন), SID, মহাপরিচালক, বিবিএস, উপসচিব (উন্নয়ন-১ অধিশাখা), SID এবং সংশ্লিষ্ট প্রকল্প পরিচালক |

৬। সভায় আর কোনো আলোচ্য বিষয় না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

২৫.০৪.০২২

(ড. শাহনাজ আরেফিন এনডিসি)
সচিব
পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ

নং- ৫২.০০.০০০০.০২০.০৬.০০১.২০(খন্ড-১)-৫৭

তারিখ: ১১ বৈশাখ ১৪২৯ বঙ্গাব্দ
২৪ এপ্রিল ২০২২ খ্রিস্টাব্দ

**বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১। সচিব, অর্থনৈতিক সম্পর্ক বিভাগ, শেরেবাংলা নগর, ঢাকা।
২। অতিরিক্ত সচিব (তথ্য ব্যবস্থাপনা/উন্নয়ন/প্রশাসন), পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ, ঢাকা।
৩। মহাপরিচালক, বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো, পরিসংখ্যান ভবন, আগারগাঁও, ঢাকা।
৪। উপমহাপরিচালক, বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো, পরিসংখ্যান ভবন, আগারগাঁও, ঢাকা।
৫। যুগ্মসচিব (তথ্য ব্যবস্থাপনা/প্রশাসন), পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ, ঢাকা।
৬। মহাপরিচালক, সেক্টর-৮, বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ, ব্লক # ১৭, পরিকল্পনা কমিশন চত্বর, ঢাকা।
৭। যুগ্মপ্রধান, শিক্ষা ও সামাজিক সেক্টর, জনসংখ্যা ও পরিকল্পনা উইং/স্বাস্থ্য উইং/স্কাইসোয়াম/পাট ও বস্ত্র উইং, শিল্প ও শক্তি বিভাগ/ফসল উইং, কৃষি বিভাগ, পরিকল্পনা কমিশন, ঢাকা।
৮। উপসচিব (উন্নয়ন-২ অধিশাখা/ এসডিজি সেল/ প্রশাসন-১ অধিশাখ/উন্নয়ন-১ অধিশাখা/ পরিকল্পনা অধিশাখা/বাজেট ও আর্থিক ব্যবস্থাপনা অধিশাখা), পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ।
৯। পরিচালক, সেন্সাস উইং/কৃষি উইং/জাতীয় হিসাব উইং/ইন্ডাস্ট্রি অ্যান্ড লেবার উইং/ডেমোগ্রাফি অ্যান্ড হেলথ উইং/কম্পিউটার উইং/স্ট্যাটিসটিক্যাল স্টাফ ট্রেনিং ইনস্টিটিউট/এফএ অ্যান্ড এমআইএস উইং/ন্যাশনাল অ্যাকাউন্টিং উইং (জিডিপি ও বৈদেশিক বাণিজ্য)/প্লানিং অ্যান্ড ডেভেলপমেন্ট সেল, বিবিএস।
১০। প্রকল্প পরিচালক, জনশুমারি ও গৃহগণনা-২০২১ প্রকল্প, বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো, ঢাকা।
১১। প্রকল্প পরিচালক, National Strategy for Development of Statistics (NSDS) Implementation Support প্রকল্প, বিবিএস, ঢাকা।
১২। প্রকল্প পরিচালক, ন্যাশনাল হাউজহোল্ড ডাটাবেইজ (NHD) প্রকল্প, বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো, ঢাকা।
১৩। প্রকল্প পরিচালক, হাউজহোল্ড ইনকাম অ্যান্ড এক্সপেন্ডিচার সার্ভে (HIES ২০২০-২১) প্রকল্প, বিবিএস, ঢাকা।
১৪। প্রকল্প পরিচালক, কৃষি (শস্য, মৎস্য ও প্রাণিসম্পদ) শুমারি-২০১৮ প্রকল্প, বিবিএস, ঢাকা।
১৫। প্রকল্প পরিচালক, Improvement of GDP Compilation and Rebasing of Indices Project, বিবিএস।
১৬। প্রকল্প পরিচালক, পরিবেশ, জলবায়ু পরিবর্তন ও দুর্যোগ পরিসংখ্যান শক্তিশালীকরণ (ইসিডিএস) প্রকল্প, বিবিএস, ঢাকা।
১৭। প্রকল্প পরিচালক, জাতীয় প্রতিবন্ধী ব্যক্তি জরিপ ২০১৯ প্রকল্প, বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো, ঢাকা।
১৮। প্রকল্প পরিচালক, শ্রমশক্তি জরিপের মাধ্যমে শ্রমবাজার তথ্যের উন্নয়ন প্রকল্প, বিবিএস, ঢাকা।
১৯। প্রকল্প পরিচালক, টেকসই উন্নয়ন অভীষ্ট পরিবীক্ষণে প্রায়োগিক স্বাক্ষরতা নিরূপণ জরিপ প্রকল্প (Literacy Assesment Survey -(LAS), বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো, ঢাকা।
২০। প্রকল্প পরিচালক, Measuring ICT Access and Use by Households and Individuals প্রকল্প, বিবিএস।
২১। প্রকল্প পরিচালক, খাদ্য নিরাপত্তা পরিসংখ্যান- প্রকল্প ২০২২, বিবিএস, ঢাকা।
২২। ফোকাল পয়েন্ট কর্মকর্তা, স্যাম্পল ভাইটাল রেজিস্ট্রেশন সিস্টেম ইন ডিজিটাল প্লাটফর্ম প্রকল্প, বিবিএস, ঢাকা।

২৩। ফোকাল পয়েন্ট কর্মকর্তা, অর্থনৈতিক শুমারি প্রকল্প ২০২৩, বিবিএস, ঢাকা।
**(কার্যবিবরণীতে উল্লেখিত সিদ্ধান্তসমূহের বাস্তবায়ন অগ্রগতি এবং মাঠ পর্যায়ে প্রকল্পের বাস্তবায়ন, অর্থছাড়, সমন্বয়হীনতা ইত্যাদি ক্ষেত্রে কোনো সমস্যা থাকলে তা পরবর্তী সভার কার্যপত্রে উল্লেখের লক্ষ্যে ২০২১-২০২২ অর্থবছরের জন্য নির্ধারিত কার্যক্রম, বরাদ্দ, মাসভিত্তিক কর্ম পরিকল্পনা ও ত্রৈমাসিক ব্যয় পরিকল্পনা, ব্যয় ও ব্যয়ের হার নির্ধারিত ছকে উল্লেখপূর্বক প্রকল্পসমূহের বাস্তবায়ন অগ্রগতি আগামী ০৫-০৫-২০২২ তারিখের মধ্যে প্রকল্প পরিচালকের স্বাক্ষরে উপসচিব (উন্নয়ন-৩ অধিশাখা), পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগে প্রেরণের জন্য ক্রমিক ৭ ও ৯-২৩ এ বর্ণিত কর্মকর্তাকে অনুরোধসহ)।**
২৪। ফোকাল পয়েন্ট কর্মকর্তা, AMS (ADP/RADP Management System), SID.
২৫। চিফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ, সিজিএ ভবন, সেগুনবাগিচা, ঢাকা।
২৫। Representative, UNICEF/UNFPA/WORLD BANK/ EUROPEAN UNION/FAO.

**সদয় অবগতির জন্য অনুলিপি:**

১। পরিকল্পনামন্ত্রীর একান্ত সচিব, পরিকল্পনা মন্ত্রণালয়, ঢাকা **(মাননীয় পরিকল্পনামন্ত্রী মহোদয়ের সদয় অবগতির জন্য)**
২। পরিকল্পনা প্রতিমন্ত্রীর একান্ত সচিব, পরিকল্পনা মন্ত্রণালয়, ঢাকা **(মাননীয় পরিকল্পনা প্রতিমন্ত্রী মহোদয়ের সদয় অবগতির জন্য)**
৩। সচিবের একান্ত সচিব, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ, ঢাকা **(সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)**
৪। প্রোগ্রামার, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ, ঢাকা **(ওয়েবসাইটে আপলোডের অনুরোধসহ)**

২৬/০৪/২২
(ওয়াহিদা সুলতানা)
উপসচিব